তারিখ 06 MAR 2017 পৃষ্ঠা ... কলাম 2

যুগান্তর

# হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা শুরু হচ্ছে ৯ মার্চ

**NATIONAL HIGH SCHOOL PROGRAMMING CONTEST**

টানা তৃতীয়বারের মতো জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতার পর্দা উঠছে ৯ মার্চ। সরকারের তথ্যপ্রযুক্তি বিভাগের উদ্যোগে দেশব্যাপী এ প্রতিযোগিতায় অংশ নেবে অসংখ্য শিক্ষার্থী।

দেশে দক্ষ কম্পিউটার প্রোগ্রাম তৈরিতে ছোটবেলা থেকেই শিক্ষার্থীদের আগ্রহী করে তুলতে এমন আয়োজন করে আসছে তথ্যপ্রযুক্তি বিভাগ।

২০১৭ সালের এ আয়োজনে ১৬টি আঞ্চলিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এছাড়াও তিনটি উপজেলা পর্যায়ে প্রতিযোগিতা, চারটি অনলাইন প্রতিযোগিতা এবং সারা দেশের দুই হাজার একটি শেখ রাসেল ডিজিটাল ল্যাবে অনলাইনে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

প্রতিযোগিতাটি নিয়ে বিস্তারিত জানাতে রোববার বেলা সোয়া ১১টায় রাজধানীর আগারগাঁওয়ের বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কনফারেন্স রুমে সংবাদ সম্মেলনটি অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি থেকে বক্তব্য দেন তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। এছাড়াও উপস্থিত ছিলেন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী পরিচালক স্বপন কুমার সরকার, বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্কের সাধারণ সম্পাদক মুনির হাসান, আন্তর্জাতিক প্রোগ্রামিং প্রতিযোগিতার বিচারক মোহাম্মদ মাহমুদুর রহমানসহ আরও অনেকে।

উল্লেখ্য, আগামী কয়েক বছর পর দেশ এবং দেশের বাইরে কয়েক লাখ কম্পিউটার প্রোগ্রামারের প্রয়োজন হবে। এজন্য সরকারি-বেসরকারি পর্যায় থেকে ক্ষুদে শিক্ষার্থীদের মধ্যে কম্পিউটার প্রোগ্রামিং বিষয়ে আগ্রহ জাগাতে এমন আয়োজন শুরু হয়েছে। এরই মধ্য থেকে ভবিষ্যতে দক্ষ প্রোগ্রামার বের হয়ে আসবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

—আইটি ডেস্ক